ভোরের কাগজ

তারিখ ... SEP 1 1 1999
পৃষ্ঠা ০২ কলাম ৩

07

# লক্ষীপুরের পাঁচপাড়া হাইস্কুলে তালা লাগিয়ে দিয়েছে ছাত্রছাত্রীরা

লক্ষীপুর প্রতিনিধি : জেলার সদর থানার শুধু পাঁচপাড়া উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা নতুন শিক্ষক নিয়োগ ও পুরোনো শিক্ষকদের দুর্নীতি তদন্তের দাবিতে বিদ্যালয়ের সকল কক্ষে অনির্দিষ্টকালের জন্য তালা ঝুলিয়ে দিয়েছে।

ছাত্রছাত্রীদের অভিযোগ স্কুলের সিনিয়র শিক্ষক জগদীশ বাবু দীর্ঘ ২৫ বছর শিক্ষক আরদুর রব চৌধুরীর যোগসাজশে শিক্ষক নিয়মিত স্কুলে উপস্থিত না থাকায় অন্য শিক্ষকরাও ব্যাপকহারে অনুপস্থিত থাকছেন।

এদিকে শিক্ষক আব্দুল কুদ্দুছ গত জানুয়ারি মাসে পশ্চিম লতিফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করার পর তিনি এখন সপ্তাহের কোনোদিন হাই স্কুলে কোনোদিন প্রাইমারি স্কুলে উপস্থিত থাকছেন এবং দুই জায়গা থেকে বেতন নিচ্ছেন। অপর এক শিক্ষক ফজলু ডেলটা ইন্সুরেন্সে সহকারী কন্ট্রোলার হিসেবে চাকরি করায় তিনিও বেশির ভাগ সময় স্কুলে অনুপস্থিত থাকছেন। এদিকে ইংরেজি, বিজ্ঞান, শরীরচর্চাসহ পাঁচটি পদে ৫ বছর ধরে কোনো শিক্ষক নেই।